

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
বিরল, দিনাজপুর।

উপজেলা পরিষদ, মহিলা বিষয়ক অধিদপ্তরের স্থায়ী কমিটির জানুয়ারী/২০২৪ মাসের সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ জনাব ফিরোজা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান,

উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।

স্থান : উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ।

তারিখ : ০৯/০১/২০২৪খ্রিঃ

সময় : ৩.৩০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকাঃ


- ০১। জনাব ফিরোজা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।.....স্বাক্ষরিত
- ০২। চেয়ারম্যান, ০৮নং ধর্মপুর ইউ,পি বিরল দিনাজপুর।.....স্বাক্ষরিত
- ০৩। চেয়ারম্যান, ০৯নং মঙ্গলপুর ইউ,পি বিরল দিনাজপুর।.....স্বাক্ষরিত
- ০৪। চেয়ারম্যান, ১০নং রানীপুকুর ইউ,পি বিরল, দিনাজপুর।.....স্বাক্ষরিত
- ০৫। মহিলা ওয়ার্ড সদস্য, ০৩নং ওয়ার্ড ০৮নং ধর্মপুর ইউ,পি বিরল দিনাজপুর।.....স্বাক্ষরিত
- ০৬। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, (সদস্য সচিব) বিরল, দিনাজপুর।.....স্বাক্ষরিত

আলোচ্য বিষয়ঃ

- ০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ০২। ইউনিয়ন পর্যায়ে ২০২৩-২০২৪ চক্রের ভিডলিউবি (ভিজিডি) উপকারভোগীদের মাঝে খাদ্যশস্য প্রশিক্ষণ বিষয়ে আলোচনা।
- ০৩। নারী ও শিশু নির্যাতন ও বাল্য বিবাহ প্রতিরোধ বিষয়ে আলোচনা।
- ০৪। কিশোর-কিশোরী ক্লাব প্রকল্প বিষয়ে আলোচনা।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয় আজকের সভার মূল আলোচ্য বিষয় জানতে চাইলে কমিটির সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, বিরল উপজেলায় ১২টি ইউনিয়নে ২০২৩-২০২৪ ভিডলিউবি(ভিজিডি) উপকারভোগীদের মাঝে পুষ্টি চাল খাদ্য শস্য বিতরণ করা হচ্ছে। কিন্তু জানুয়ারী/২০২৪ মাসের খাদ্যশস্য বরাদ্দ না থাকায় বিতরণ করা সম্ভব হবে না। পরবর্তীতে বরাদ্দ সাপেক্ষে খাদ্যশস্য বিতরণ করা হবে। সদস্য সচিব আরও বলেন যে, ২০২৩-২০২৪ ভিডলিউবি(ভিজিডি) উপকারভোগীদের মাঝে প্রশিক্ষণ প্রদানের জন্য সদর কার্যালয়ে চুক্তিবদ্ধ এনজিও নির্বাচিত হয়েছেন এ সংক্রান্ত একটি পত্র পাওয়া যায়। চুক্তিবদ্ধ এনজিওটির নাম “কাম টু ওয়াক” উক্ত এনজিওর মাধ্যমে ভিডলিউবি(ভিজিডি) উপকারভোগীদের মাঝে জীবনদক্ষতামূলক ও বিভিন্ন সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান করা হবে। সদস্য সচিব আরও বলেন যে, প্রতিমাসে পর্যায়ক্রমে ১২টি ইউনিয়নে নারী ও শিশু নির্যাতন ও বাল্য বিবাহ প্রতিরোধ বিষয়ে উঠান বৈঠক করা হচ্ছে। সদস্য সচিব আরও জানান যে, বিরল উপজেলায় ১৩টি কিশোর-কিশোরী ক্লাবে নতুন ক্লাব সদস্য নির্বাচিত হয়েছে। এবং তাদের নিয়মিত সংগীত ও আবৃত্তি এবং সামাজিক সচেতনতামূলক ক্লাস নেওয়া হচ্ছে। এবং ক্লাব সদস্যদের নিয়মিত নাস্তা প্রদান করা হচ্ছে। সভাপতি মহোদয় বলেন যে, ক্লাব কো-অডিনেটরা যেন নিয়মিত ক্লাব মনিটরিং করে সে বিষয়ে খেয়াল করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।



(ফিরোজা বেগম)

সভাপতি

উপজেলা পরিষদ মহিলা বিষয়ক অধিদপ্তরের স্থায়ী কমিটি

ও

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।